

দিল্লিতে প্রথম নারী বাসচালক

অনলাইন ডেস্ক|আপডেট: ১২:১৩, এপ্রিল ১৯, ২০১৫

ভারতের দিল্লিতে প্রথমবার একজন নারীকে বাসের চালক হিসেবে নিয়োগ দিয়েছে সরকার। টাইমস অব ইন্ডিয়া অনলাইনের প্রতিবেদনে জানানো হয়, ওই নারী বাসচালকের নাম ভাস্কাদারাথ সারিথা।

দিল্লি ট্রান্সপোর্ট করপোরেশনে (ডিটিসি) প্রথম নারী বাসচালক হিসেবে গত শুক্রবার কাজে যোগ দেন ৩০ বছর বয়সী ভাস্কাদারাথ। কর্তৃপক্ষের এই উদ্যোগকে নারীর ক্ষমতায়নের লক্ষ্যে একটি পদক্ষেপ হিসেবে বিবেচনা করা হচ্ছে।

ভাস্কাদারাথকে পরিচয় করিয়ে দিতে গিয়ে দিল্লির পরিবহন ও গ্রাম উন্নয়নমন্ত্রী গোপাল রাই বলেন, এটা একটা নতুন যাত্রা। এই চ্যালেঞ্জ গ্রহণে আরও নারী এগিয়ে এলে তাঁদের স্বাগত জানানো হবে।

দিল্লিতে গণপরিবহনে নারীদের ওপর যৌন নির্যাতনের বেশ কয়েকটি ঘটনা দেশ-বিদেশে আলোচনা-সমালোচনার ঝড় তোলে। এর মধ্যে সেখানে একজন নারীকে প্রথমবার বাসের চালক হিসেবে নিয়োগ দেওয়া হলো।

৩০ বছরের ভাস্কাদারাথ তেলঙ্গানা রাজ্য থেকে এসেছেন। তাঁর কর্মস্থল সরোজিনি নগর ডিপো। আনুষ্ঠানিকভাবে ২০ এপ্রিল থেকে তিনি কাজ শুরু করবেন। তিনি বলেন, ‘চার সপ্তাহের প্রশিক্ষণ শেষে আগামীকাল থেকে কাজ শুরু করব ভেবে আমি খুবই খুশি। আমাকে প্রাথমিকভাবে দিনের পালা দেওয়া হয়েছে। আমাদের এখানে বাসের চালকেরা ভালো না, এমন একটি দুর্নাম রয়েছে। কিন্তু আমি সব নিয়ম মেনে চলব। বিশেষ করে নারীদের নিরাপত্তার বিষয়টি মাথায় রাখব।’

আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেয়ে ভাস্কাদারাথ জানান, সরকারি এই চাকরিটি তাঁর কাছে অনেক বড় পাওয়া। পাঁচ বোনের মধ্যে তিনি সবার ছোট। তাঁর আরেক বোনও ক্যাবের চালক। তিনি বলেন, আমি আমাদের সমাজের নারীদের একটি বার্তা পৌঁছে দিতে চাই যেকোনো কাজ শুধু পুরুষের এটা ঠিক নয়। নারীদের সম্ভাবনাকে ঠিকভাবে মূল্যায়ন করলে, তাঁরা যেকোনো কাজ করতে পারেন।’

ভাস্কাদারাথ অটোরিকশার চালক হিসেবে তাঁর কর্মজীবন শুরু করেন। হায়দরাবাদে তিনি বাস চালিয়েছেন। ডিটিসি কর্তৃক নিয়োগ পাওয়ার আগে তিনি দিল্লিতে ট্যাক্সি চালিয়েছেন।

